# কবি নজরুল ইনস্টিটিউট আইন, ২০১৮

( ২০১৮ সনের ১২ নং আইন )

**Nazrul Institute Ordinance, 1984 রহিতক্রমে সময়োপযোগী করিয়া নূতনভাবে প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সনের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সনের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় এবং সিভিল আপিল নং ৪৮/২০১১ তে সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে উক্ত সময়ে জারীকৃত সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৭ নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে Nazrul Institute Ordinance, 1984 (Ordinance No. XXXIX of 1984) রহিতক্রমে সময়োপযোগী করিয়া নূতনভাবে প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন**

১। (১) এই আইন কবি নজরুল ইনস্টিটিউট আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(১) ‘অবিকৃত’ অর্থ সুস্থাবস্থায় কবি কর্তৃক লিখিত, সুরারোপিত ও অনুমোদিত;

(২) ‘ইনস্টিটিউট’ অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত কবি নজরুল ইনস্টিটিউট;

(৩) ‘কবি’ অর্থ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম;

(৪) ‘চেয়ারম্যান’ অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(৫) ‘ট্রাস্টি’ অর্থ বোর্ডের কোন সদস্য;

(৬) 'তহবিল' অর্থ ইনস্টিটিউটের তহবিল;

(৭) 'নির্বাহী পরিচালক' অর্থ কবি নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক;

(৮) 'প্রবিধান' অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৯) 'বোর্ড' অর্থ কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড; এবং

(১০) 'বিধি' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি।

**ইনস্টিটিউট প্রতিষ্ঠা**

৩। (১) Nazrul Institute Ordinance, 1984 (Ordinance No. XXXIX of 1984) এর অধীন প্রতিষ্ঠিত নজরুল ইনস্টিউট, কবি নজরুল ইনস্টিটিউট নামে এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) ইনস্টিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইন ও তদধীন প্রণীত বিধির বিধান সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**ইনস্টিটিউটের কার্যালয়**

৪। (১) ইনস্টিটিউটের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইনস্টিটিউট প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে ইহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

(২) ইনস্টিটিউট, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশি বা বিদেশি বিশ্ববিদ্যালয়ের সহায়তায় দেশে বা বিদেশে যৌথভাবে বা এককভাবে ইনস্টিটিউটের শাখা বা গবেষণাকেন্দ্র বা স্মৃতিকেন্দ্র খুলিতে পারিবে।

**পরিচালনা ও প্রশাসন**

৫। (১) ইনস্টিটিউটের পরিচালনা ও প্রশাসনের দায়িত্ব একটি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ইনস্টিটিউট যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) বোর্ড উহার দায়িত্ব পালন ও কার্য সম্পাদনের ক্ষেত্রে এই আইন, বিধি, প্রবিধান ও সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনা অনুসরণ করিবে।

**বোর্ড গঠন, ইত্যাদি**

৬। (১) নিম্নবর্ণিত ট্রাস্টিদের সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথাঃ-

(ক) চেয়ারম্যান, সরকার কর্তৃক, নজরুল সৃষ্টিকর্মে বিশেষজ্ঞ বা গবেষক বা স্বনামধন্য অনুরাগী ব্যক্তিগণের মধ্য হইতে নিযুক্ত হইবেন;

(খ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি;

(গ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের একজন প্রতিনিধি;

(ঘ) সরকার কর্তৃক, নজরুল সৃষ্টিকর্ম বিশেষজ্ঞ বা গবেষক বা স্বনামধন্য অনুরাগী ব্যক্তিগণের মধ্য হইতে, মনোনীত চারজন ব্যক্তি; এবং

(ঙ) ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর অধীনে নিযুক্ত চেয়ারম্যান, বা ক্ষেত্রমত, মনোনীত ট্রাস্টিগণ তাহাদের নিযুক্তি বা মনোনয়নের তারিখ হইতে ৩(তিন) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন এবং পুনঃমনোনয়নের জন্য যোগ্য হইবেন।

(৩) উপ-ধারা (১) এর অধীন মনোনীত কোন ট্রাস্টি, চেয়ারম্যান বরাবর লিখিত আবেদনের মাধ্যমে পদত্যাগ করিতে পারিবেন, বা সরকার, প্রয়োজনবোধে যে কোন সময় চেয়ারম্যান বা কোন ট্রাস্টির মনোনয়ন বাতিল করিতে পারিবে।

(৪) বোর্ড এবং ট্রাস্টিগণ সকল কার্যাবলির জন্য সরকারের নিকটা দায়বদ্ধ থাকিবেন।

**ইনস্টিটিউটের কার্যাবলি**

৭। ইনস্টিটিউটের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :-

(ক) কবি'র সাহিত্য, সংগীতসহ সকল সৃষ্টিকর্ম অনুশীলনে উৎসাহিত করা;

(খ) কবি'র সাহিত্য, সংগীতসহ সকল সৃষ্টিকর্ম দেশ ও বিদেশ হইতে সংগ্রহ, সংকলন ও সংরক্ষণ করা এবং এইগুলিকে অবিকৃতভাবে আধুনিক পদ্ধতিতে প্রকাশ এবং প্রচার করা;

(গ) কবি'র সাহিত্য, সংগীতসহ সকল সৃষ্টিকর্মের উপর গবেষণা, প্রকাশনা, সংরক্ষণ এবং উহা প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(ঘ) সংগীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে কবি'র অবদান সম্পর্কিত বিষয়ে সম্মেলন, বক্তৃতা, বিতর্ক ও সেমিনারের আয়োজন করা;

(ঙ) নজরুল সংগীত ও সাহিত্য সম্পর্কিত পুস্তক, রেকর্ড, টেপ ও অন্যান্য সংগ্রহ সংরক্ষণের জন্য লাইব্রেরি এবং আর্কাইভস প্রতিষ্ঠা করা;

(চ) নজরুল সংগীত সঠিক চেতনায়, ধারায় এবং পদ্ধতিতে প্রচারের জন্য অবিকৃত বাণী ও সুরে স্বরলিপি তৈরি এবং গ্রহণযোগ্য মর্যাদায় গ্রামোফোন রেকর্ড, বাণিজ্যিক টেপ, চলচ্চিত্র, সিডি, ডিভিডি, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া, নূতন প্রযুক্তি মাধ্যম এবং বাংলাদেশে প্রকাশিত স্বরলিপির বইতে এইগুলির উপস্থাপনা তদারকি করা;

(ছ) নজরুল সংগীত, নজরুল-সংগীতভিত্তিক নৃত্য, নজরুল কবিতার কোরিওগ্রাফি এবং নজরুলের কবিতা আবৃত্তির যথার্থ প্রশিক্ষণের ব্যবস্থা করা;

(জ) নজরুল সংগীত শাস্ত্রে উচ্চতর ডিগ্রি প্রদানের ব্যবস্থা করা;

(ঝ) নজরুল সংগীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ প্রত্যেক বৎসর, এতদ্‌সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ ও বোর্ডের অনুমোদনক্রমে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এককভাবে অথবা যৌথভাবে 'নজরুল পুরস্কার' প্রদান করা;

(ঞ) ইনস্টিটিউটের তথ্যাদির ওয়েবসাইট সহজলভ্য এবং নিয়মিতভাবে হালনাগাদ করা;

(ট) নজরুলের সৃষ্টির প্রচার ও প্রসারের জন্য সকল সাহিত্যকর্ম, স্বরলিপি এবং অবিকৃত বাণী ও সুরে গীত-সংগীত ওয়েবসাইটে অন্তর্ভুক্ত করা;

(ঠ) পৃথিবীর বিভিন্ন ভাষায় কবি'র সাহিত্যকর্মের অনুবাদ প্রকাশ ও বিশ্বব্যাপী প্রচারের ব্যবস্থা করা; এবং

(ড) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় অন্যান্য কার্য ও বিষয় সম্পাদন করা।

**বোর্ডের সভা**

৮। (১) এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) সভার তারিখ, সময় ও স্থান চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) প্রতি ২(দুই) মাসে বোর্ডের অন্যূন একটি সভা করিতে হইবে।

(৪) বোর্ডের সভার কোরামের জন্য অন্যূন ৪ (চার) জন্য ট্রাস্টির উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৫) চেয়ারম্যান, বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ট্রাস্টি সভাপতিত্ব করিবেন।

(৬) বোর্ডের সভায় সিদ্ধান্ত গ্রহণে প্রত্যেক ট্রাস্টির একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে, সভায় সভাপতিত্বকারীর একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের অধিকার থাকিবে।

(৭) কেবল কোন ট্রাস্টি পদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকিবার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।